দৈনিক খবর

৭৩

তারিখ 01 SEP 1989
পৃষ্ঠা ২ কলাম ৪



# অধ্যক্ষ নিজের অপকর্ম ঢাকা দেয়ার জন্যে আমার ছেলের বিরুদ্ধে ষড়যন্ত্র করছেঃ মীনা আহমেদ

।।স্টাফরিপোর্টার।।

কবি নজরুল সরকারী কলেজ ছাত্র সংসদের জি এস মোফাজ্জল হোসেন লাবলুর মাতা মিসেস মীনা আহমেদ তাঁর সন্তানের উপর আরোপিত ডিটেনশন ও কলেজ থেকে বহিষ্কারাদেশ প্রত্যাহারসহ কলেজে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে এনে ছাত্র–ছাত্রীদের শিক্ষার পথ সুন্দর করে তোলার আহবান জানিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এই আহবান জানান।

মীনা আহমেদ তার লিখিত বক্তব্যে বলেন, অধ্যক্ষের একনায়কতান্ত্রিক এবং খামখেয়ালীপনার কারণে কলেজটি তার কাছে জিম্মি হয়ে পড়েছে। তিনি তার সকল স্বার্থ দুর্নীতি, অপকর্ম ধামাচাপা দেয়া ও নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য আমার ছেলের বিরুদ্ধে সুপরিকল্পিতভাবে জঘন্য ষড়যন্ত্রে লিপ্ত রয়েছেন। এতে কলেজের সার্বিক পরিবেশের চরম অবনতি ঘটেছে। তার প্রভাবে কলেজের কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিরা ভয়–ভীতি ও চাপের মুখে রয়েছে। অধ্যক্ষ সাহেব অসৎ উদ্দেশ্যে এবং মিথ্যার আশ্রয় নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অভিযোগ করলে লাবলুকে গ্রেফতার করে ডিটেনশন দেয়া হয়। অথচ আমি মা হয়ে লাবলুর বিরুদ্ধে কোন অভিযোগ আজ পর্যন্তপাইনি।

তিনি আরো বলেন, লাবলুসহ কলেজের ৩ জন ছাত্রকে বিনা নোটিশে বহিষ্কারের ঘোষণা আইনসঙ্গত নয়। এটা সম্পূর্ণ অবৈধ। অধ্যক্ষের অভিযোগগুলো সম্পূর্ণ মিথ্যা ও সকল কার্যকলাপ উদ্দেশ্য প্রণোদিত। আমার ছেলে কোন শিক্ষকের সাথে কখনও খারাপ ব্যবহার করেনি। অথচ অধ্যক্ষ সাহেব বর্তমানে আমার ছেলে ও আমার মান– সম্ভ্রম নষ্ট করছে।